



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর দপ্তর,

সিভিল ডিভিশন-১, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

www.caab.gov.bd



নথি নং- ৩০.৩১.০০০০.৪২২.০২.০২৭.২৪/৩৯৯৯

তারিখ:- ০২/০৬/২০২৪খ্রিঃ

পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বর্ণিত কাজের জন্য সিলমোহর/বন্ধ নিলাম দরপত্র আহবান করা যাইতেছে।

০১	নিলাম কাজের নাম	-	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের চলমান ৩য় টার্মিনাল নির্মাণ প্রকল্প এর বাস্তবায়নের কাজে ব্যবহৃত আমদানীকৃত মালামালের স্ক্রাপ (Scrap) এবং সিভিল বিভাগ-১ এর অধীনে বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন ও মেরামত কাজ হতে প্রাপ্ত পুরাতন ও অকেজো (ম্যানেজার বিল্ডিং এর সম্মুখে প্রস্তাবিত সিএটিসি মসজিদ এলাকায় স্থাপিত) মালামাল সমূহ নিলামে বিক্রয়করণ (যেখানে যে অবস্থায় আছে)।
০২	নিলাম দরপত্র আহবানের সূত্র	-	৩০.৩১.০০০০.৪০১.১৪.৪৭২.২৩.২০৬০৩০২৬ তারিখ-১০/১২/২৩খ্রিঃ।
০৩	বায়নার টাকার পরিমাণ	-	উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) (অকৃতকার্য দরদাতার ক্ষেত্রে ফেরতযোগ্য) বায়নার টাকা হিসাবে নির্বাহী প্রকৌশলী, সিভিল ডিভিশন-১ এর অনুমোদনে যে কোনো তফসিলভূত ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
০৪	নিলাম পদ্ধতি	-	দরপত্র বাস্তব।
০৫	নিলাম দরপত্র দাখিলের মূল্য	-	৳ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ১৫% ভ্যাট সহ (অফেরতযোগ্য)।
০৬	নিলামকারীদের যোগ্যতা	-	আগ্রহী নিলাম ব্যবসায়ী / আগ্রহী ক্রেতা বা প্রতিষ্ঠান, যাহাদের হালনাগাদ ট্রেড লাইসেন্স/জাতীয় পরিচয় পত্রের (সত্যায়িত) কপি থাকতে হবে।
০৭	মালামাল অপসারণের সময়	-	নিলাম মূল্য পরিশোধের পর হইতে ১৫ (পনেরো) দিনের মধ্যে।
০৮	যে সমস্ত অফিসে নিলাম দরপত্র বিক্রয় হইবে	-	(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, সিভিল সার্কেল, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা। (খ) নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সিভিল ডিভিশন-১, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা। (গ) হিসাব শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা। (ঘ) প্রধান প্রকৌশলীর দপ্তর, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৯	যে অফিসে নিলাম দরপত্র গ্রহণ করা হইবে।	-	পরিচালক (প্রশাসন) এর দপ্তর, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকায় রক্ষিত দরপত্র বাস্তব।
১০	যে অফিসে নিলাম দরপত্র খোলা হইবে	-	পরিচালক (প্রশাসন) এর দপ্তর, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১১	নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	-	১০/০৬/২০২৪খ্রিঃ বেলা ১৬.০০ ঘটিকা পর্যন্ত।
১২	নিলাম দরপত্র দাখিলের শেষ সময় ও তারিখ	-	১১/০৬/২০২৪খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত।
১৩	নিলাম দরপত্র খোলার সময় ও তারিখ	-	১১/০৬/২০২৪খ্রিঃ বেলা ১২.৩০ ঘটিকা।
১৪	যে সকল কারণে নিলাম দরপত্র বাতিল হইবে	(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স/ জাতীয় পরিচয় পত্রের (সত্যায়িত) কপি দরপত্রের সাথে সংযুক্ত না থাকিলে। (খ) নিলাম দরপত্র ক্রয়ের মূল রশিদ দরপত্রের সহিত সংযুক্ত না থাকিলে। (গ) নিলাম দরপত্রের সহিত বায়নার টাকা (দাখিলকৃত দরের কমপক্ষে শতকরা দশ শতাংশ) না থাকিলে।	
১৫	বিশেষ শর্তাবলী	(ক) সিলমোহর/বন্ধ খামে নিলাম দরপত্র দাখিল করিতে হইবে ও খামের উপর প্রতিষ্ঠানের নাম ঠিকানা ও মোবাইল নম্বর এবং কাজের নাম অবশ্যই লিখিতে হইবে। দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় দরদাতাদের সিলমোহরকৃত স্বাক্ষর থাকিতে হইবে। (খ) নিলাম দরপত্র/সিডিউলে প্রতিটি আইটেমের একক মূল্য এবং মোট মূল্য (অঙ্কে) এবং সর্বমোট মূল্য (অঙ্ক ও কথায়) পরিষ্কারভাবে লিখিতে হইবে। কোনরূপ কাটাকাটি, ঘষামাজা বা গুজর রাইটিং করা যাইবে না। মোট মূল্যের উপর সর্বোচ্চ দর বিবেচিত হবে। (গ) আগ্রহী নিলামদাতাগণ অফিস চলাকালীন সময় দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত বিক্রয়যোগ্য মালামাল (যেখানে যে অবস্থায় আছে) সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন। দরপত্র দাখিল করার পর নিলামকৃত মালামালের বিষয়ে কোন প্রকার অভিযোগ/গুজর আপত্তি/শর্ত আরোপ করলে তা গ্রহণযোগ্য হইবে না। যে কোন বিষয়ে স্থানীয় অফিসের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। (ঘ) একাধিক দরদাতার দর সমান হইলে কর্তৃপক্ষ কর্তৃক লটারীর মাধ্যমে সফল দরদাতা নির্ণয় করা হইবে। (ঙ) নির্ধারিত সময়ের মধ্যে মালামাল গ্রহণ করিতে হইবে। (চ) সিএএবি'র প্রচলিত বিধি মোতাবেক ও শুধুমাত্র কার্যদিবসে এবং দাপ্তরিক সময়ের মধ্যে মালামাল গ্রহণ করিতে হইবে। (ছ) সিএএবি'র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমেই কেবলমাত্র বিক্রয়াদেশ জারী করা হইবে। (জ) কৃতকার্য নিলামদাতাকে বিক্রয়াদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিয়া নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ মালামাল ডেলিভারি নিতে হইবে, অন্যথায় বায়নার টাকা সিএএবি'র বিধি মোতাবেক বাজেয়াপ্ত করা হইবে। (ঝ) নিলাম গ্রহণকারীর নিজ দায়িত্বে ও তাঁহার লোকবল দ্বারা মালামাল গ্রহণ করিতে হইবে এবং কর্তৃপক্ষ কর্তৃক বিক্রয়াদেশ ও ডেলিভারি আদেশ জারিকালীন প্রদত্ত শর্তাবলি মানিয়া চলিতে হইবে। (ঞ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে, কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা সকল নিলাম দরপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন।	

(আবু সায়েম)
নির্বাহী প্রকৌশলী (০৪ দাঃ)
সিভিল ডিভিশন-১
সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।